

## রিয়াদে ‘সচেতন গার্ডিয়ান ফোরাম’ এর আত্মপ্রকাশ

সম্পূর্ণ অরাজনৈতিক পরিকল্পনায় রিয়াদস্থ বাংলাদেশ আন্তর্জাতিক বিদ্যালয় ও মহাবিদ্যালয় (বাংলা শাখার) গার্ডিয়ানদের ‘সচেতন গার্ডিয়ান ফোরাম’ নামে একটি অনুপম সংগঠনের আত্মপ্রকাশ ঘটেছে। উল্লেখযোগ্য স্কুল গার্ডিয়ানের উপস্থিতিতে এবং সর্বসম্মতিক্রমে এই ফোরামের ১১ সদস্য বিশিষ্ট একটি আহ্বায়ক কমিটি গঠন করা হয়।

### আহ্বায়কঃ

জনাব দেওয়ান আবদুল বাসেত

### যুগ্ম আহ্বায়কঃ ১০জন-

জনাব আবদুস সালাম, আবুল খায়ের নূর, গোলাম মাওলা, প্রকৌশলী বশির আহমেদ, রফিকুল ইসলাম মজুমদার, হাফেজ মোঃ আবদুস সালাম, জালাল উদ্দিন, আনোয়ার হোসেন, জয়নাল আবেদীন মিয়া, আবুল কালাম মেম্বার।

এই আহ্বায়ক কমিটির সঙ্গে যে ক’জন সম্মানিত গার্ডিয়ান সার্বক্ষণিকভাবে যোগাযোগ রক্ষা করছেন এবং সংগঠনের কার্যক্রম দ্রুত গতিতে চালিয়ে যাচ্ছেন তারা হলেন- জনাব শফিকুল ইসলাম সফি, জাকির হোসেন, শহীদ উল্লাহ, আবদুর রউফ পলাশ ও জনাব আবুল খায়ের, জেরিফ সান্তার।

গত ১৪ ফেব্রুয়ারী’০৫ একজন সাধারণ অভিভাবকের বাসভবনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সকল গার্ডিয়ান একমত পোষণ করে সিদ্ধান্তে উপনীত হয় যে উক্ত ফোরাম সকল গার্ডিয়ানদের জন্য ফোরামে সদস্যপদ উন্মুক্ত। স্কুলের যে কোন গার্ডিয়ানেরই উক্ত ফোরামের সদস্য হওয়ার অধিকার আছে এবং থাকবে। নির্ধারিত সদস্য ফরম পূরণ করেই একজন ফোরাম সদস্য হওয়া যাবে। তবে গার্ডিয়ানকে হতে স্পষ্টবাদী। আন্ডারগ্রাউন্ড বলতে কোন শব্দ ওরা শুনতে রাজী নয়। সবাই সম্মুখে এগিয়ে যাবে একসঙ্গে। এই সংগঠনের প্রতিজন সদস্য একে অপরের সাথে সম্পৃক্ত। যে কোন সমস্যার সমাধানে সম্মিলিতভাবে এগিয়ে যাওয়ার জন্যে প্রতিশ্রুতিবদ্ধ। যে কোন ন্যায়্য দাবী আদায়ে এরা সম্মিলিতভাবে সোচ্চার হবে।

আলোচনা সভায় স্কুলের বিভিন্ন সমস্যা, উন্নয়নের বিভিন্ন দিক নির্দেশনা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বেশীরভাগ গার্ডিয়ান তাদের মত প্রকাশের সময় স্কুলের বিশেষ দু’টি বিষয়ে গুরুত্বারোপ করেন।

১. স্কুলে কম্পিউটার সাইন্স খোলা একান্তই জরুরী। যা এখনই শুরু করার পক্ষে সবাই অভিমত প্রকাশ করেন। এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষকে পুনরায় অবহিত করার পক্ষে সিদ্ধান্ত নেয়া হয়।
২. সবাই স্কুলের আমূল পরিবর্তন চান। চাপিয়ে দেয়া যে কোন সিদ্ধান্ত বয়কট করারও প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সচেতন গার্ডিয়ান ফোরাম এর আলোচনা সভায় সভাপতিত্ব করেন জনাব দেওয়ান আবদুল বাসেত। সভাটি পরিচালনা করেন জনাব আবদুস সালাম।

বক্তাগণের বক্তব্যের পর নিম্নলিখিত বিষয়গুলোতে একমতে পৌছা গিয়েছে-

- \* স্কুলে এখনই কম্পিউটার সাইন্স খোলা।
- \* সচেতন গার্ডিয়ান ফোরাম এর সদস্য পদ উন্মুক্ত।
- \* এ সংগঠনের সদস্যপদ পেতে হলে সদস্যকে অবশ্যই স্পষ্টবাদী, মুক্তমনা, মত প্রকাশে সংসাহস থাকতে হবে। একমাত্র তাহলেই একজন অভিভাবক সদস্যপদ পেতে পারেন।
- \* সচেতন গার্ডিয়ান ফোরাম এর যে কোন অভিভাবকের সমস্যায় সম্মিলিতভাবে এগিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়া হয়।
- \* বিভিন্ন বিষয়ে স্কুলের আমূল পরিবর্তন চান সকল গার্ডিয়ান। এতে সবাই জেগে উঠতে হবে, জাগাতে হবে। ইহা করতে হবে নিজ সন্তানের ভবিষ্যত পরিপূর্ণভাবে গড়ে তোলার লক্ষেই।
- \* এ সংগঠনের কোন কিছুই গোপন থাকবে না। সবাকে আসতে হবে উন্মুক্তভাবে, চলতে হবে সাহসের সাথে। এখানে রাজনীতির কোন স্থান নেই। এখানে বিষয় শুধুমাত্র স্কুল বিষয়ক। স্কুলের মঞ্জল নিয়ে যারা ভাবেন তাদের ফোরামে স্বাগতম জানাই।
- \* সচেতন গার্ডিয়ান ফোরাম হচ্ছে সকল গার্ডিয়ানদের মত প্রকাশের ধারক এবং বাহক।

প্রত্যেক সচেতন গার্ডিয়ানের মতামতের মাধ্যমে দুটি ব্যাপার স্পষ্ট হয়ে বের হয়ে এসেছে তা হলো এই ফোরাম সম্পূর্ণ অরাজনৈতিক। শুধুমাত্র স্কুল বিষয়ে নীতিতে অটল থেকে ন্যায় ও সত্যের পথে এগিয়ে যাওয়া। বঞ্চিত, অবহেলিত গার্ডিয়ানদের মত প্রকাশের এবং ঐক্যের মাধ্যম হচ্ছে **সচেতন গার্ডিয়ান ফোরাম**।

সর্বশেষে আহ্বায়ক দেওয়ান আবদুল বাসেত সমাপনী বক্তব্যে বলেন- এই সংগঠনকে এগিয়ে নেয়ার জন্যে সবাকে শ্রম দেয়ার অনুরোধ করেন। এবং এই সংগঠনের আমন্ত্রণ স্কুলের প্রতিটি সম্মানিত গার্ডিয়ানের ঘরে ঘরে পৌঁছে দেবার জন্যে সবাকে আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উল্লেখ্য, এই সংগঠনের সকল সংবাদ, কার্যক্রম মরুপলাশ ডট কম ওয়েব ম্যাগাজিন এ নিয়মিত প্রকাশিত হবে। এবং এ সংগঠনের সাথে যোগাযোগের ব্যবস্থায় রয়েছে ইহার একটি ই-মেইল ঠিকানা।

**E-mail:** [guardians\\_forum@yahoo.com](mailto:guardians_forum@yahoo.com)

**website:** [www.marupalash.com](http://www.marupalash.com)

অভিভাবক

**সাইফ উদ্দিন আহমেদ**

সাধারণ সম্পাদক, ফ্রি-ল্যান্স সাংবাদিক ফোরাম, রিয়াদ  
বাংলাদেশ রাইটার্স ফোরাম, রিয়াদ।

১৬ ফেব্রুয়ারী ২০০৫ইং

**E-mail:** [saifuddinahmed\\_2004@yahoo.com](mailto:saifuddinahmed_2004@yahoo.com)